



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৪৬৩

তারিখ: ০১ আষাঢ় ১৪২৬
১৫ জুন ২০১৯

পরিপত্র

ইলেক্ট্রনিক ভোটিং মেশিনে ভোটগ্রহণ বিষয়ক বিশেষ পরিপত্র

বিষয় : ৫ম উপজেলা পরিষদ নির্বাচন ২০১৯ এ পঞ্চম পর্যায়ে ৪টি উপজেলার সকল ভোটকেন্দ্রে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোটগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ জুন, ২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য ৫ম পর্যায়ে ৪টি উপজেলা পরিষদ নির্বাচনে নির্ধারিত ভোটকেন্দ্রে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কেন্দ্রসমূহে ভোট গ্রহণ, প্রশিক্ষণ ও প্রদর্শন (ভোটিং এডুকেশন) এর জন্য প্রয়োজনীয় সংখ্যক ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) কান্টমাইজেশনসহ (সংলগ্নী-১) নির্বাচন উপযোগী করে নির্বাচন কমিশন হতে যথাসময়ে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করা হয়েছে।

০২। **ইভিএম ব্যবহার পদ্ধতি সম্পর্কে প্রার্থী এবং ভোটারদের মধ্যে ব্যাপক প্রচার :** ইভিএম ব্যবহার যেহেতু একটি কারিগরী বিষয় এবং নতুন ধারণা, তাই এর ব্যবহার, কার্যকারিতা এবং সফলতা সম্পর্কে সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাদের নির্বাচনী এজেন্ট, পোলিং এজেন্ট এবং ভোটারদের মধ্যে প্রচারের ব্যবস্থা করতে হবে। ভোটগ্রহণ কর্মকর্তা অর্থাৎ প্রিজাইডিং অফিসার ও সহকারী প্রিজাইডিং অফিসারদের সুবিধার্থে ইভিএম ব্যবহার পদ্ধতি বিষয়ক একটি নির্দেশিকার প্রয়োজনীয় সংখ্যক কপি প্রেরণেরও ব্যবস্থা করা হয়েছে।

০৩। **নিরাপত্তা সহকারে ইভিএম এর পরিবহন, সংরক্ষণ ও কার্যকারিতা যাচাইকরা:** ইভিএমসমূহ ইলেক্ট্রনিক ডিভাইস। উক্ত মেশিনসমূহ সারিবদ্ধভাবে রেখে যথাযথ নিরাপত্তার সাথে পরিবহন করতে হবে। ভোটগ্রহণের পূর্বের দিন অন্যান্য নির্বাচনী মালামাল সহকারে ইভিএমসমূহ প্রিজাইডিং অফিসারকে বুঝিয়ে দিতে হবে এবং প্রিজাইডিং অফিসারগণ ভোটকেন্দ্রে গিয়ে সহকারী প্রিজাইডিং অফিসারসহ অবশ্যই ইভিএমসমূহের কার্যকারিতা ও সঠিকতা যাচাই করবেন। কোনরূপ ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে প্রিজাইডিং অফিসার রিটার্নিং অফিসারকে অবহিত করবেন। রিটার্নিং অফিসার আঞ্চলিক কন্ট্রোল রুমকে অবহিত করে ত্রুটি-বিচ্যুতি সংশোধন অথবা প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। **কারিগরী দলের গঠন :** প্রতিটি ভোটকেন্দ্রে নির্বাচন কমিশনের পক্ষে ২ জন সশস্ত্র বাহিনীর সদস্যসহ মোট ৩ জন কারিগরী সদস্য সহযোগিতা প্রদান করবেন। এজন্য রিটার্নিং অফিসার, তাদেরকে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রদান করবেন। সামরিক বাহিনীর সদস্যদের এবং কারিগরী দলের অপরাপর সদস্যদের বহনকারী যানবাহন সমূহ প্রাপ্যতার ভিত্তিতে স্ব স্ব ডিভিশন হতে যোগান দেয়া হবে এবং অপ্রতুলতার ক্ষেত্রে সহকারী রিটার্নিং অফিসার প্রয়োজনীয় সংখ্যক যানবাহন (যথাযোগ্য ও রিকুইজেশনের মাধ্যমে) যোগানের ব্যবস্থা করবেন। প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণের জন্য ভোটকেন্দ্র ও ভোটকক্ষ প্রস্তুত করবেন। ভোটগ্রহণ চলাকালে ইভিএম মেশিনের কোন সমস্যা দেখা দিলে বা মেশিন প্রতিস্থাপনের প্রয়োজন হলে নির্বাচন কমিশনের নিযুক্ত কারিগরী সদস্যগণ তা সচল করা বা প্রতিস্থাপনের ব্যবস্থা করবেন। ভোটকেন্দ্রের অভ্যন্তরে নিয়োজিত কারিগরী সদস্যগণ মোবাইল টিম/কন্ট্রোল রুমের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নিমিত্তে মোবাইল ফোন বহন ও ব্যবহার করতে পারবেন।

০৫। **রিজার্ভ টেকনিক্যাল টিম :** নির্বাচন কমিশন হতে প্রেরিত সমন্বয়কারী কর্মকর্তা / ডাটা এন্ট্রি অপারেটর / টেকনিক্যাল এক্সপার্ট / টেকনিক্যাল সাপোর্ট সদস্যগণের সমন্বয়ে গঠিত একটি রিজার্ভ টেকনিক্যাল টিম সংশ্লিষ্ট সহকারী রিটার্নিং অফিসার/ উপজেলা নির্বাচন অফিসে অবস্থান করবেন। ভোট গ্রহণের দিন বিভিন্ন ভোট কেন্দ্রে ইভিএম এর কারিগরী সমস্যা পূর্বোক্ত কারিগরী সদস্যগণ কর্তৃক সমাধানে অসমর্থ হলে তা নিরসনে রিজার্ভ টেকনিক্যাল টিম প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার রিজার্ভ টেকনিক্যাল টিমের যানবাহন, জ্বালানী ও আনুষঙ্গিক লজিস্টিকস সহায়তা প্রদান করবেন।

০৬। **অতিরিক্ত অডিট ও পোলিং কার্ডের ব্যবহার :** সুষ্ঠুভাবে উপজেলা পরিষদের নির্বাচন সম্পন্ন করার উদ্দেশ্যে কেন্দ্রে ব্যবহৃত অডিট কার্ড ও পোলিং কার্ডের একটি সামগ্রিক ব্যাকআপ সহকারী রিটার্নিং অফিসার/উপজেলা নির্বাচন অফিসে সংরক্ষিত থাকবে। জরুরী প্রয়োজনে সহকারী রিটার্নিং অফিসার/উপজেলা নির্বাচন অফিসার উক্ত ব্যাকআপ কার্ডসমূহ প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসারকে সরবরাহ করবেন। রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার উক্ত ব্যাকআপ কার্ডসমূহ সংশ্লিষ্ট ভোট কক্ষের ইভিএমসমূহ সচল করার নিমিত্তে অথবা নতুন ইভিএম ব্যবহার উপযোগী করতে ব্যবহার করবেন এবং উক্ত কার্ডসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন।

অফিসের ঠিকানাঃ

G:\UZ-All-18.05.2019\Habib-2019\UZ-Cucular HABIB-Soft & PDF-2019\Soft Curcular 17-2019-2-EVM-5th Phase.doc
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোনঃ ৮৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

